

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার নির্বাচনের দাবিতে একাট্টা খেলোয়াড় ও সংগঠকরা

দীর্ঘদিন মুখ থুবড়ে পড়ে থাকা ক্রীড়াঙ্গন সচল করতে মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার নির্বাচনের দাবীতে একাট্টা হয়েছে বর্তমান-প্রাক্তন খেলোয়াড় ও সংগঠকরা।

বুধবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্তরে এ দাবীতে অবস্থান কর্মসূচি ও জেলা প্রশাসককে স্মারকলিপি প্রদান করা হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক ও পায়রা স্পোর্টিং ক্লাবের চেয়ারম্যান এম এ এস ইমনের নেতৃত্বে কর্মসূচিতে জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুল মান্নান, মেহেরপুর সরকারি কলেজের অবসরপ্রাপ্ত ক্রীড়া শিক্ষক রমজান আলী, মেহেরপুরের প্রাক্তন খেলোয়াড় এমদাদুল হক, আমিরুল ইসলাম অল্ডাম, মাসুদ করিম ধলস ক্রীড়া সংগঠক আসাদুজ্জামান লিটন, আন্তর্জাতিক স্বর্ণ পদক প্রাপ্ত মাশাল অর্ট হুসাইন কবীরসহ কর্মসূচিতে শতাধিক খেলোয়াড়, সংগঠক অংশ নেন। পরে তারা জেলা প্রশাসকের সাথে জেলা ক্রীড়া সংস্থার নির্বাচন নিয়ে বৈঠকে বসেন। জেলা প্রশাসক আন্দোলনকারীদের নির্বাচেনর ব্যাপারে আশ^স্ত করেন।

অবস্থান কর্মসূচিতে এমএএস ইমন বলেন, দীর্ঘদিন যাবৎ মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার নির্বাচন নেই। কেনো নেই, কি কারনে নির্বাচন নেই এ কথাটি আমরা সবাই জানি। নির্বাচনের এই আন্দোলন জেলাবাসির দীর্ঘদিনের। গণতান্ত্রিক ধারায় নির্বাচন হবে নির্বাচিত নেতৃবৃন্দ

আবার খেলার মাঠে খেলার পরিবেশ ফিরিয়ে আনবে। তিনি প্রশ্ন করেন, খেলার মাঠ না পেলে নতুন প্রজন্ম খেলা করবে কিভাবে? আজকের এই প্রজন্ম কিভাবে বেড়ে উঠবে। খেলার সাথে ভালো মানুষ হওয়ার সম্পর্ক রয়েছে।

এমএএস ইমন বলেন, আজকের শিশুরা সকালে বই, বিকালে মোবাইল আর রাতে গুগলে ঢুকছে। এই প্রজন্ম অদ্ভুত একটা প্রজন্ম হিসেবে বেড়ে উঠছে। এই প্রজন্মের জন্য খেলাধুলা ও আনন্দ বিনোদনের কোনো ব্যবস্থা নেই। খেলাধুলা না থাকার কারনে এই প্রজন্মের মধ্যে কোনো শক্তি নেই, তারা বেড়ে উঠছে ব্রয়লার মুরগির মত।

তিনি বলেন, একটি কুচক্রি মহলের কালো থাবায় ক্রীড়া সংস্থা আজ মুখ থুবড়ে পড়েছে। ওই স্বার্থনেস্বী মহল এটিকে অচল করে রেখেছে। খেলাধুলার আয়োজন না থাকায় জেলার যুব সমাজ আজ ধ্বংসের পথে। এই যুব সমাজকে বাঁচাতেই এই আন্দোলন শুরু হয়েছে। আন্দোলনে জেলা প্রশাসক প্রয়োজনীয় ব্যবস্থা না নিলে বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে বলেও হুশিয়ারী দেন তিনি।
সাবেক ক্রীড়া শিক্ষক রমজান আলী বলেন, দীর্ঘদিন ক্রীড়া সংস্থার নির্বাচন না হওয়ায় খেলাধুলাও স্থবির হয়ে গেছে। দ্রুত নির্বাচন দিয়ে এই অচল অবস্থা কাটাতে হবে।

সাবেক ফুটবলার এমদাদুল হক বলেন, এডহক কমিটি নিয়ে ১১/১২ বছর চলছে মেহেরপুর ক্রীড়া সংস্থা। যে কমিটির মেয়াদ ছিলো ৩ মাস। আমাদের সন্তানরা লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা করবে ক্রীড়াঙ্গন বন্ধ থাকায় তারা আসক্তি হচ্ছে মোবাইলে।

মার্শাল আট হুসাইন কবির বলেন, নির্বাচন না হওয়ার কারণে এমন অবস্থা তৈরি হয়েছে যে মনে হয় ক্রীড়া সংস্থা মরে গেছে। তাই নির্বাচনের মাধ্যমে উপযুক্ত মানুষকে দায়িত্ব দিয়ে ক্রীড়া সংস্থাকে সচল করার দাবী জানাচ্ছি।

উল্লেখ্য, মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থায় সর্বশেষ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে ২০০৮ সালে। পরে ২০১২ সালে আহবায়ক কমিটি গঠণ করা হয়। ২০২০ সালে ওই আহবায়ক কমিটির সদস্য সচিবও মারা গেছেন। বর্তমানের তিন সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি দিয়ে অচলাবস্থায় ক্রীড়া সংস্থা।

গাংনীতে নবনির্বাচিত ইউপি সদস্য’র শপথগ্রহণ

গাংনী উপজেলার মটমুড়া ইউপির ২ নং ওয়ার্ডের নব-নির্বাচিত মেম্বার (সদস্য) পলিয়ারা খাতুনের শপথগ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (৫ জুলাই) সকাল ১০টার সময় গাংনী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এই শপথগ্রহণ অনুষ্ঠিত হয়। গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু শপথ বাক্য পাঠ করান।

এসময় মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, উপজেলা মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, মটমুড়া ইউনিয়ন পরিষদের ১,২,৩ নং ওয়ার্ডের সংরক্ষিত নারী সদস্য লাভলী খাতুন উপস্থিত ছিলেন।

উল্লেখ্য,মটমুড়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের মেম্বার আব্দুস সোবহান হলুদ সিদ্ধ করা গরম পানিতে পড়ে ঝলসে যায়। একদিন পর ঢাকা শেখ হাসিনা বার্ণ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। মারা যাওয়ার পর এই পদের উপ-নির্বাচনে তার স্ত্রী পলিয়ারা খাতুন জয়লাভ করেন।

গাংনীতে আলগামন চালককে মারধর ও টাকা ছিনিয়ে নেওয়ার অভিযোগ

মেহেরপুরে গাংনীতে রানা (১৮) নামের এক আলগামন চালককে মারধর করে লক্ষাধীক টাকা ছিনিয়ে নেওয়ার ঘটনা ঘটেছে। এ ঘটনায় বাদী হয়ে গাংনী থানায় ওই আলগামন চালকের পিতা শফিকুল ইসলাম একটি অভিযোগ দায়ের করেন।

আজ মঙ্গলবার বেলা ১১টার দিকে উপজেলার সহড়াতলা গ্রাম থেকে কাজিপুরে যাওয়ার পথে আতাতলা মাঠের মধ্যে রাস্তার উপর এ ঘটনা ঘটেছে বলে জানান আলগামন চালক রানা।

মামলার বাদী ও আলগামন চালকের পিতা শফিকুল ইসলাম বলেন, আমাদের সহড়াতলা গ্রামের সেন্টুর ছেলে বেল্টু (২৮), পল্টুর ছেলে মারুফ হোসেন (২২) এবং জাবেদ আলীর ছেলে পল্টু (৫০) পূর্বশত্রুতার জের ধরে আমার ছেলেকে তারা মারধর করে জমি বিক্রি করা ১ লাখ ২০ হাজার টাকা তারা ছিনিয়ে নিয়েছে। টাকা নিরাপত্তায় রাখার জন্য আমার ছেলে রানাকে দিয়ে কাজিপুরে মেয়ের বাড়িতে পাঠিয়েছিলাম কিন্তু তারা কোনভাবে বিষয়টি জানতে পেরে অতর্কিতভাবে সন্ত্রাসীর মতো দেশীয় অস্ত্র দিয়ে আমার ছেলেকে মারধর করে এবং জমি বিক্রি করা ১ লাখ ২০ হাজার টাকা ছিনিয়ে নেয়।

মারধরের স্বীকার আলগামন চালক রানা বলেন, জ্বালানি কাঠের ভাড়া নিয়ে আমি কাজিপুরে যাচ্ছিলাম। আমার পিতা আমাকে ডেকে বাড়ি থেকে ১ লাখ ২০ হাজার টাকা আমাকে দিয়ে বললেন বড় বোনের বাড়িতে নিরাপদে রেখে আসতে। যাওয়ার পথে আতাতলা মাঠের মধ্যে রাস্তায় উপরে দেখি রড, ধারালো হাঁসুয়া ও লোহার হাতুড়ি হাতে দাড়িয়ে আছে বেল্টু, পল্টু ও মারুফ। আমাকে যেতে দেখে বেল্টু লোহার হাতুড়ি হাতে এগিয়ে এসে আমাকে থামতে বলে। আমি থামতে অস্বীকৃতি জানালে মারুফ রড হাতে এগিয়ে এসে আমার পায়ে ও পিঠে আঘাত করে এবং সেসময় পল্টু আমার লুঙ্গির কুছায় থাকা ১ লাখ ২০ হাজার টাকা ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে; আমি বাঁধা দিতে গেলে বেল্টু হাতুড়ি দিয়ে আমার পিঠে আঘাত করে এবং জোরপূর্বক টাকা ছিনিয়ে নিয়ে চলে যায়। পরে ওখানে থাকা কয়েকজন আমাকে উদ্ধার করে বাড়িতে খবর দিলে আমাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়।

এ ঘটনার প্রত্যক্ষদর্শী আব্দুস শুকুর বলেন, আমি মাঠ থেকে বাড়ি ফেরার পথে রানাকে আলগামনে কাঠ নিয়ে যেতে দেখি। পরে চিৎকার শুনে কিছুদূর এগিয়ে যেয়ে দেখি তাকে মাটিতে ফেলে মারধর করে চলে যাচ্ছে কয়েকজন। পরে শুনি তার কাছে থাকা ১ লাখ ২০ হাজার টাকাও ছিনিয়ে নেওয়া হয়েছে।

একই রকম কথা বলেন এ ঘটনার আরো দুজন প্রত্যক্ষদর্শী গোলাম রহমান ও রেজাউল ইসলামও। তবে বিষয়টি নিয়ে অভিযুক্তদের কোন বক্তব্য পাওয়া যায়নি।

এ ঘটনার সত্যতা নিশ্চিত করে গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, বিষয়টি নিয়ে একটি লিখিত অভিযোগ হাতে পেয়েছি তদন্ত করে ব্যবস্হা নেওয়া হবে।

মেহেরপুরে বিভিন্ন গ্রামের নারীদের মাঝে উপহার সামগ্রী বিতরন

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন পক্ষ থেকে মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন গ্রামের নারীদের মাঝে উপহার সামগ্রী বিতরন করা হয়েছে।

মঙ্গলবার দুপুরের দিকে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টার মিলনয়তনে সদর উপজেলার বিভিন্ন গ্রামের নারীদের মাঝে উপহার সামগ্রী বিতরন করা হয়।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের পত্নী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সদস্য সৈয়দা মোনালিসা ইসলাম সদর উপজেলার ৭ টি ইউনিয়নের বিভিন্ন শতাধিক নারীর মাঝে উপহার সামগ্রী বিতরন করেন।

এ সময় অন্যদের মধ্যে মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সভাপতি সামিউন বাসিরা পলি, সাধারণ সম্পাদিকা অ্যাডভোকেট রুথসোভা মন্ডল, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান লতিফুল নেছা লতা, যুব মহিলা লীগের নেত্রী রোজিনা খাতুন, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভানেত্রী তকলিমা খাতুন প্রমুখ উপস্থিত ছিলেন।
এর আগে সদর থানা যুব মহিলা লীগের সভাপতি লতিফুন্নেছা লতা এবং সাধারণ সম্পাদিকা রোজিনা আক্তার মেহেরপুর জেলা আওয়ামী লীগের সদস্য সৈয়দা মোনালিসা ইসলামকে ফুল দিয়ে বরণ করে নেন।

মেহেরপুর জেলা কারাগার পরিদর্শন করলেন জেলা ম্যাজিস্ট্রেট

মেহেরপুর জেলা কারাগার পরিদর্শন করলেন জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আজিজুল ইসলাম। এসময় তার সাথে উপস্থিত ছিলেন বিজ্ঞ অতি: জেলা ম্যাজিস্ট্রেট লিউজা উল জান্নাহ।

জেলা ম্যাজিস্ট্রেট কারাগারে পৌঁছলে ভারপ্রাপ্ত জেল সুপার জিএম আক্তারুজ্জামান তাকে স্বাগত জানান এবং কারারক্ষীদের একটি চৌকষ দল অনার গার্ড সালামী প্রদান করেন।

জেলা ম্যাজিস্ট্রেট বিভিন্ন ওয়ার্ড, কারা হাসপাতাল, রন্ধনশালা, ভিজিটরদের অপেক্ষাগার পরিদর্শন করেন ও বন্দীদের সাথে কথা বলেন।

তিনি কারাবন্দীদের জন্য আন্ত:ওয়ার্ড খেলাধুলা আয়োজন, ভালমানের খাবার পরিবেশন, তাদের নিয়মিত নৈতিক শিক্ষা প্রদান ও বিকল্প আয় বর্ধক কার্যক্রম গ্রহণ করার জন্য জেল সুপারকে নির্দেশনা প্রদান করেন। পরিশেষে পরিদর্শন বইয়ে পরিদর্শন নোট লিখেন ও স্বাক্ষর করেন

গাংনী সীমান্তে বিজিবির অভিযানে আগ্নেয়াস্ত্র উদ্ধার

মেহেরপুরের গাংনী সীমান্তে পরিত্যাক্ত অবস্থায় একটি ভারতীয় শুটারগান উদ্ধার করেছে বিজিবি।

আজ মঙ্গলবার (৪ জুলাই) বিকাল ৫টায় কুষ্টিয়া ৪৭ ব্যাটালিয়ন (বিজিবি)’র এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

কুষ্টিয়া ব্যাটালিয়ন ৪৭ বিজিবি’র প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে,

সোমবার দিবাগত মধ্যে রাতে গাংনী উপজেলার শেওড়াতলা বিওপির দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার ১৪২/৪-এস হতে আনুমানিক ৫০ গজ বাংলাদেশের অভ্যন্তরে শেওড়াতলা মাঠ নামক স্থানে পরিত্যাক্ত অবস্থায় অস্ত্রটি পাওয়া যায়।

৪৭ বিজিবির শেওড়াতলা বিওপি ক্যাম্পের নায়েব সুবেদার মোঃ ইসরাইল শেখ এর নেতৃত্বে বিজিবির একটি টহল দল শেওড়াতলা মাঠ নামক স্থানে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান পরিচালনার নিমিত্তে ফাঁদ পেতে থাকে। কিছুক্ষণ অপেক্ষা করার পরে ৪/৫ জন লোককে সীমান্তের শূন্য লাইনের দিকে অগ্রসর হতে দেখলে বিজিবি টহল দল কর্তৃক তাদেরকে ধাওয়া করে। ধাওয়া খেয়ে তারা দৌড়ে ঝোপঝাড়ের আড়ালের দিকে পালিয়ে যায়। পরবর্তীতে উক্ত ঘটনাস্থল তল্লাশী করে পরিত্যক্ত অবস্থায় একটি ভারতীয় শুটারগান উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত অস্ত্রের আনুমানিক মূল্য একলাখ টাকা। উদ্ধারকৃত অস্ত্র গাংনী থানায় হস্তান্তর পূর্বক মামলা দায়ের করা হয়েছে।

টেলিভিশন জগতে এনটিভি একটা বিশেষ স্থান অর্জন করেছে-বক্তারা

ব্যতিক্রম ধর্মী আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুরে দেশের অন্যতম স্যাটেলাইট চ্যানেল এন টিভির ২১ তম জন্মদিন পালিত হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে ঐতিহ্যবাহী গাংনী এতিমখানা মিলনায়তনে এ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়।

এসময় এনটিভি পরিবারের পক্ষ থেকে এতিমখানার ৫ জন শিশুকে কোরআন শরিফ তুলে দেওয়া হয়।

৩৯এনটিভির মেহেরপুর জেলা প্রতিনিধি রেজওয়ানুল বাশার তাপস আলোচনা সভায় সভাপতিত্ব করেন।

মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক জুলফিকার আলী কাননের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, মেহেরপুর-২ আসনের সাংসদ পত্নি লাইলা আরজুমান বানু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ-দৌলা রেজা, ইন্ডিপেন্ডেন্ট টিভির জেলা প্রতিনিধি রাজিবুল হক সুমন, চ্যানেল নাইনের জেলা প্রতিনিধি আবু নাছের চৌধুরী সম্রাট, কালবেলার মেহেরপুর জেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফি, বাংলাটিভির জেলা প্রতিনিধি আক্তারুজ্জামান, নিউজ বাংলার জেলা প্রতিনিধি সোহেল রানা বাবু, নাগরিক টিভির জেলা প্রতিনিধি রাব্বী আহম্মেদ, প্রেসহাউজের এ্যাডমিন এ সিদ্দিকী শাহীন, সাংবাদিক খোকন প্রমূখ।

অনুষ্ঠানে বক্তারা বাংলাদেশ স্যাটেলাইট টেলিভিশনে এনটিভির বিগত দিনের কার্যক্রম নিয়ে আলোচনা করেন। বক্তারা বলেন, বাংলাদেশের টেলিভিশন জগতে এনটিভি একটা বিশেষ স্থান অর্জন করেছে, তাদের সংবাদের মান অনুষ্ঠানের পরিকল্পনা সাধারণ জনগণের কাছে দারুণভাবে সমাদৃত হয়েছে। তারা এনটিভির আগামী দিনের শুভেচ্ছা কামনা করেন। দোয়া মোনাজাত শেষে এতিমখানার শিশু ও অতিথিবৃন্দ এক সাথে বসে দুপুরের খাবার খান।

মেয়র এসোসিয়েশনের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হলেন মাহফুজুর রহমান রিটন

মেয়র এসোসিয়েশন অব বাংলাদেশ (ম্যাব) এর কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হলেন মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

গতকাল সোমবার তাঁকে এ পদে মনোনিত করেন ম্যাবের সভাপতি ।

মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সদস্য ও জেলা যুবলীগের আহবায়ক হিসেবেও দায়িত্ব পালন করছেন। তরুণ এ রাজনীতিবীদ পরপর দুই বার আওয়ামী লীগের মনোনয়ন নিয়ে মেহেরপুর পৌরসভার মেয়র নির্বাচিত হন।

গাংনীতে ১ কেজি পরিত্যক্ত গাঁজা উদ্ধার

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় ১ কেজি গাঁজা উদ্ধার করেছে। আজ সোমবার সকাল সাড়ে ৮ টার দিকে গাংনী উপজেলার চিৎলা গ্রামে অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় এই গাঁজা উদ্ধার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, গাংনী থানার উপপরিদর্শক (এসআই) হাফিজের নেতৃত্বে পুলিশের একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে চিৎলা গ্রামে অভিযান চালিয়ে পরিত্যক্ত ১ কেজি গাঁজা উদ্ধার করেন।

গাঁজা উদ্ধারের ঘটনায় গাংনী থানায় একটি সাধারণ ডাইরি করা হয়েছে।

মেহেরপুরে আশরাফপুরে ওয়াক্ফ

স্টেটের জমি দখলের পায়তারা

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামে বাংলাদেশ ওয়াকফ্ এষ্টেটের জমি অবৈধভাবে দখল করার অভিযোগ উঠেছে।

এঘটনায় ওয়াকফ্ এস্টেটের মতোয়ালী মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ বরাবর একটি লিখিত অভিযোগ দিয়েছেন। এছাড়া দখলকারীদের বিরুদ্ধে মামলা করার জন্য বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কাছে অনুমতির আবেদন জানিয়েছেন।

জানা গেছে, বাংলাদেশ ওয়াক্ফ এস্টেট বাংলাদেশ সরকারের তালিকাভূক্ত স্থাবর সম্পত্তি। সিএসএসও বিআরএস রেকর্র্ডিয় শেখ আইন উদ্দীন ওয়াক্ফ এস্টেট নামীয় স্থাবর সম্পত্তি আশরাফপুর স্কুল মাঠে তপশীলভূক্ত জমি জোরপূর্বক ভূয়া কাগজপত্র সৃষ্টি করে আশরাফপুর গ্রামের নাজির শেখের ছেলে শওকত হোসেন ও তার ছেলে হাসান আলী জবর দখলের পায়তারা করছেন। তারা জমির ঘাস কেটে নিয়ে রাসায়নিক সার ছিটাচ্ছে এবং জমিটিকে সীমানা নির্ধারণ করে খোচ পুতে নিচ্ছে।

এই শওকত হোসেন এর আগেও একই জমি জবর দখল করতে গেলে আমার বাবাও তার বিরুদ্ধে মামলা করেছিল।যার মামলা নং (হাইকোর্ট ডিভিশন) এফএমএ নং ৮১ অফ ২০০৬, এবং এফএমএটি ৬৬৯ ২০০৬ ও ২০০৭ ইং। উল্লেখ্য যে, ওয়াক্ফ এস্টেটের স্থাবর সম্পত্তি ধর্ম মন্ত্রণালয়ের নির্দেশনা ও আইন মোতাবেক ক্রয় বিক্রয় করতে পারবেনা। অথচ কে বা কারা ওই জমি ক্রয় বিক্রয়ের মুল হোতা সনাক্ত করে তার নামে জমি দাবি করছে। তাই তার বিরুদ্ধে মামলা করার জন্য বাংলাদেশ ওয়াক্ফ এস্টেটের প্রশাসকের অনুমতি নিয়ে মামলা করার অনুমতি চেয়েছেন এই স্টেটের মতুয়াল্লি মো: কাজী হাবিবুল ইসলাম।